

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd




“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

প্রেস রিলিজ

নভেল করোনা ভাইরাস সংক্রমণের দরুন উদ্ভূত পরিস্থিতিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা গত ২৫/০৩/২০২০খ্রি. তারিখে জাতির উদ্দেশ্যে ভাষণে বিশেষ OMS (Open market sale) এর আওতায় ১০ টাকা কেজি দরে চাল বিক্রয়ের ঘোষণা প্রদান করেন। সে প্রেক্ষিতে জেলা খাদ্য নিয়ন্ত্রক এর কার্যালয় নারায়ণগঞ্জ হতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের জন্য আপাতত ১৫,৬০০ পরিবারকে বিশেষ OMS কার্ড এর বরাদ্দ দেয়া হয়। দিনমজুর, রিক্সাচালক, ভ্যানচালক, পরিবহন শ্রমিক, ফেরিওয়ালা, চায়ের দোকানদার, ভিক্ষুক, ভবঘুরে, তৃতীয়লিঙ্গ (হিজরা) সম্প্রদায়সহ অন্যান্য সকল শ্রেণির কর্মহীন মানুষ এ সুবিধা প্রাপ্ত হবে। বিশেষ OMS কার্যক্রমের আওতায় কার্ড প্রাপ্ত প্রতিটি পরিবার মাসে ২০ কেজি চাল প্রতি কেজি ১০ টাকা মূল্যে ক্রয় করতে পারবেন।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডের কাউন্সিলরের মাধ্যমে নির্দিষ্ট ছকে বর্ণিত পরিবারের তথ্য সংগ্রহের কাজ চলছে। তালিকা তৈরির কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। জেলা খাদ্য নিয়ন্ত্রকে কার্যালয় হতে ইতোমধ্যেই ১,০৩৯টি কার্ড হস্তান্তর করা হয়েছে। অবশিষ্ট OMS কার্ড পর্যায়ক্রমে হস্তান্তর করা হবে। সে প্রেক্ষিতে অদ্য ২৯/০৪/২০২০খ্রি. তারিখ রোজ বুধবার নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী নগর ভবন প্রাঙ্গণে কার্ড বিতরণের মাধ্যমে বিশেষ OMS কার্যক্রমের সূচনা করেন। পরবর্তিতে প্রতিটি ওয়ার্ডে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের মাধ্যমে এ কার্যক্রম অব্যাহত থাকবে। এ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র জনাব আফসানা আফরোজ, এনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আবুল আমিন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ, জনাব মোঃ মাইনউদ্দিন এবং ১৫ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব অসিত বরণ বিশ্বাস।


২৯/০৪/২০২০
(মোঃ আবুল আমিন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন